দৈনিক সংবাদ

তারিখ DEC. 20 1999
পৃষ্ঠা ৪ কলাম ৮

# তারানা হালিমের সদয় জ্ঞাতার্থে

সভ্যতার দর্পণ হলো গ্রন্থাগার। গ্রন্থাগার বলতে এমন একটি প্রতিষ্ঠানকে বুঝায়, যেখানে তাৎক্ষণিক অথবা ভবিষ্যৎ ব্যবহারের উদ্দেশে বই, পত্র-পত্রিকা, সাময়িকী, পাণ্ডুলিপিসহ অন্যান্য তথ্য সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ, বিন্যাস ও বিতরণ করা হয়। লেখক, পুস্তক ও পাঠকের সম্মিলন স্থল নামে খ্যাত এ কেন্দ্রটি মানব সম্পদ উন্নয়ন তথা সংস্কৃতি, সাহিত্য, শিল্পকলা ও বৈজ্ঞানিক অগ্রগতি সাধনে প্রভূত ভূমিকা পালন করে থাকে। গ্রন্থাগারই হচ্ছে একমাত্র জায়গা, যেখানে জ্ঞানোপকরণের কোন সীমাবদ্ধতা থাকে না। যেকোন বিষয়ে জ্ঞানের গভীরে প্রবেশ করার সুযোগ গ্রন্থাগারে রয়েছে, রয়েছে স্বশিক্ষিত হওয়ার সুযোগ। তাইতো প্রমথ চৌধুরী যথার্থই বলেছেন "গ্রন্থাগারের ভূমিকা হাসপাতালের চেয়ে কোন অংশে কম নয়, বরং স্কুল-কলেজের চেয়ে একটু বেশি।" শিক্ষা ও সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে পরিচিত এ মহান প্রতিষ্ঠানটির অধিকর্তা হলেন গ্রন্থাগারিক। তিনি গ্রন্থাগার প্রশাসন ও ব্যবস্থাপনার সার্বিক দায়িত্বে নিয়োজিত থাকেন। সর্বস্তরের জনসাধারণের মেধা, মনন ও সৃজনশীল প্রতিভার বিকাশ তথা জাতির উৎকর্ষ সাধনে বহুমুখী দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করেন গ্রন্থাগারিকতা পেশায় নিয়োজিত গ্রন্থাগারিকবৃন্দ। কাজেই গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে শিক্ষার তথা গ্রন্থাগারিকদের খাটো করে দেখার, হেয় প্রতিপন্ন করার সুযোগ কোথায়?

বিজ্ঞ আইনজ্ঞ ও অভিনেত্রী তারানা হালিমের অবগতির জন্য উল্লেখ করছি যে, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রাচ্যের অক্সফোর্ড নামে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসহ সর্বোচ্চ ডিগ্রি দেয়া হয়। বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, গণগ্রন্থাগার, কলেজ গ্রন্থাগারসহ অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থাগারে গ্রন্থাগারিকের পদটি অলংকৃত করার পূর্বশর্ত হলো এ বিষয়ে সর্বোচ্চ ডিগ্রিধারী হাওয়া। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রিকে খাটো করে দেখা কি প্রকারান্তরে বিশ্ববিদ্যালয়কে অবমূল্যায়নের নামান্তর নয়? এটি কি কোন বিবেকবান মানুষ করতে পারে? আপনি জানেন কি, বিশ্বের সর্ববৃহৎ গ্রন্থাগার 'লাইব্রেরি অফ কংগ্রেস'-এর গ্রন্থাগারিক নিযুক্ত হন প্রেসিডেন্ট কর্তৃক।

সম্মানিত আইনজ্ঞ, আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রধান গ্রন্থাগারিক/ পরিচালক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব পদ মর্যাদ সম্পন্ন। বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিকের পদ মর্যাদা হলো অধ্যাপক (Professor) সমতুল্য। আর কলেজ গ্রন্থাগারিকের পদ মর্যাদা হলো প্রভাষক সমতুল্য। জানি না উল্লেখিত পদমর্যাদাসম্পন্ন লোকদের আপনি কিভাবে মূল্যায়ন করবেন। তবে হ্যাঁ, আমি বলতে পারি এ পেশায় কিছুটা অনিয়ম লক্ষণীয়। যথাস্থানে যথোপযুক্ত লোকটিকে বসানো হচ্ছে না।

মিসেস হালিম, ৬ই ডিসেম্বর '৯৯ বাংলাদেশ টেলিভিশনে পরিবেশিত স্বপ্নলোকের চাবি নাটকে এ মহৎ পেশায় নিয়োজিত বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রিধারী সম্মানিত গ্রন্থাগারিকদের আপনি যেভাবে হেয় প্রতিপন্ন করলেন তাতে বিস্মিতই হয়েছি, হয়েছি অবাক; এ অধিকার আপনি কোথায় পেলেন। অনুগ্রহ করে জাতিকে জানাবেন কি?

এডিএম আলী আহাম্মদ
সিনিয়র লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত)
বিভাগীয় সরকারি গ্রন্থাগার
চট্টগ্রাম।